



উত্তরা ব্যাংক পিএলসি.

আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।

অর্থস্বর্ণ আদালত আইন-২০০৩ এর ১২(৩) ধারা মতে

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোঃ নাসিম উদ্দিন, পিতা-মোঃ মাহতাব উদ্দিন, ফকির মোহাম্মদ বাড়ী, চাপড়া, ডাকঘর: কালারপোল-৪৩৭১, পটিয়া, চট্টগ্রাম। তাহার মালিকানাধীন মেসার্স নাসিম ট্রেডিং, ঠিকানাঃ ২৩৪, এজাজ মার্কেট (১ম তলা) খাতুনগঞ্জ, কোতোয়ালী, চট্টগ্রাম নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের নামে উত্তরা ব্যাংক পিএলসি., চাক্তাই শাখা হতে সিসি(হাইপো) ঋণ গ্রহণ করেছিলেন, যা মেয়াদোত্তীর্ণ হয়ে খেলাপী ঋণে পরিণত হয়। উক্ত ঋণের জামানত হিসাবে তাঁর নিজ মালিকানাধীন নিম্নে উল্লেখিত তপশীল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিস্ট্রি বন্ধক রাখেন। ব্যাংকের পক্ষ হতে বার বার তাগাদা দেয়া সত্ত্বেও ঋণ গ্রহীতা/বন্ধক দাতাগনের নিকট হইতে ব্যাংকের পাওনা টাকা আদায় করা সম্ভব হয়নি। বিগত ২৬/০৬/২০২৪ ইংরেজী তারিখ পর্যন্ত সুদসহ ব্যাংকের সর্বমোট পাওনা টাকা ১,৯১,০৩,৯২৮.৯৯ (এক কোটি একানব্বই লক্ষ তিন হাজার নয়শত আটশ টাকা এবং নিরানব্বই পয়সা) টাকা। ঋণ নেয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধক দাতাগণ বন্ধকীকৃত সম্পত্তি বিক্রী করার ক্ষমতা ব্যাংকের বরাবরে প্রদান করিয়াছেন। তাহাদের প্রদত্ত ক্ষমতাবলে এবং উল্লেখিত আইনের বিধান মতে নিম্ন তপশীল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রী করার জন্য সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক নিম্নে বর্ণিত তফসিলে দরপত্রে অংশ গ্রহন করতে পারবে, যাহা আগামী ৩১/০৭/২০২৪ ইংরেজী তারিখ বেলা ১.০০ (এক) ঘটিকার মধ্যে ব্যাংকের চাক্তাই শাখায় রক্ষিত বাক্সে দরপত্র জমা করিতে অথবা খামের উপর “সম্পত্তি ক্রয় দরপত্র” লিখিয়া রেজিস্টার্ড ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করিতে হইবে এবং ঐ দিন বেলা ৩.০০ (তিন) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাহাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে। বন্ধকী সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক পিএলসি. এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সহিত দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচি অনুযায়ী বাকী টাকা পরিশোধ করিতে হইবে :-

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	বাকী টাকা পরিশোধের সময়
অনূর্ধ্ব ১০,০০,০০০/- টাকা	২০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
১০,০০,০০১/- টাকা হইতে অনূর্ধ্ব - ৫০,০০,০০০/- টাকার	১৫%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিন
৫০,০০,০০০/- টাকার অধিক টাকার	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহীত হইবার পর উপরিউল্লেখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হইলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হইবে। প্রকাশ থাকে যে, দরপত্রের উল্লেখিত মূল্য অপর্বাণ্ড বা কম প্রতীয়মান হইলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফশীল ভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবেনা। তা ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প ডিউটি ও অন্যান্য শুল্ক খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

সম্পত্তির তপশীল

১৮৩.০৯ শতক জমি, থানা: পটিয়া, জিলা- চট্টগ্রাম, মৌজা- ভান্ডারগাও, জে এল নং-২১, খতিয়ান নং-আর. এস.- ৪১৮, ২৪, ৯২৫, ৮১, ১৭১, ১০১৮, ১৭০, ৯৯২, ৯৬৭, ৫৯৩, ৮৫৯, ৭১৭, ৪১৮, ১০২৫, বিএস-১০৫, ১০৭, ৫২৮, ২৯৪, ২৯৬, ৫৩, ৩০৪, ৬৫৫ বর্তমান মিউটেশন খতিয়ান নং-১০২৭ দাগ/প্লট নং- আর.এস- ৮৩৩, ৮১৩, ৮০২, ৮০৩, ৮০৪, ৬৩৭, ৬৩৮, ৬৪৯, ৮১১, ৮১২, ৮১০, ৪৩১, ১২৮, ১৩০, ১৩১, ১৫৩, ১৫৬, ৮০১, ৭৭০, ৭৭১, ৭৭২, ৭৭৩, ৮৪৭, ৮৩৩, ১৩৪৮, ৭৯৯, ৮১৪, বি এস-১৮৪০, ১৮২১, ১৮১৫, ৫১৪, ১৮১৭, ১৮১৮, ১৮১৬, ১৮১৯, ১৮৩৯, ১৮৪১, ১৮২২, মালিক মোঃ নাসিম উদ্দিন।

মহাব্যবস্থাপক ও চেয়ারম্যান,

টেন্ডার কমিটি।